

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০০১.৩৫.১৮.২৫-২১০

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪৩৩
১৪ জুন, ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে “০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন” এর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০১.১৭.২১; তারিখ: ০৬/০৫/২০২৬খ্রি.

২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সমন্বয় শাখা এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪২.১৬.০০১.২১-৩৮; তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি.

৩। পরিবেশ, বন জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-২২.০০.০০০০.০৬৬.৩১.০০৪.২৬.১১৪; তারিখ: ২৬/০৪/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২০৩০ পর্যন্ত সময়ে “০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন” এর কর্মপরিকল্পনা শীর্ষক অগ্রাধিকার কর্মসূচির আওতায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের মাধ্যমে প্রতি বছর ৪৩ লক্ষ করে আগামী ৫ বছরে প্রায় ২ কোটি ১৫ লক্ষ বৃক্ষরোপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রতিষ্ঠান প্রধানদের প্রতি ১৮/০৫/২০২৬খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়।

২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী “০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন” কর্মসূচীর অংশ হিসেবে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাসমূহের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের মাধ্যমে কতগুলো বৃক্ষ রোপন করা হয়েছে তার তথ্যাদি নিম্ন বর্ণিত ছক অনুযায়ী ১৮/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে ap-2@dme.gov.bd ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রম	মাদ্রাসার নাম	জেলা	উপজেলা	চারা রোপনের সংখ্যা (প্রতি মাদ্রাসা কর্তৃক পূরনীয়)	বৃক্ষরোপনের জন্য অঞ্চল (পাহাড়/রাস্তা/সিটি রোড/রেল লাইন/বীথের ধার/বসতবাড়ীর আশেপাশে/শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশে/পুকুর পাড়/ কবরস্থান/ হাটবাজারে ইত্যাদি জায়গায়) উল্লেখ করুন।	বৃক্ষরোপনের জন্য অঞ্চলভিত্তিক প্রজাতির নাম (প্রদত্ত তালিকা থেকে পূরনীয়)
১	২	৩	৪	৫	৬	৭
				--টি		

বিতরণ:

- ১। জেলা শিক্ষা অফিসার, (সকল)। [প্রতি উপজেলার তথ্য একত্রীকরণ করে প্রেরণের অনুরোধসহ]
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)। [প্রতি মাদ্রাসার তথ্য একত্রীকরণ করে জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণের অনুরোধসহ]
- ৩। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান, (সকল) [প্রতি মাদ্রাসার তথ্য একত্রীকরণ করে মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণের অনুরোধসহ]

অনুলিপি: সদয় অবগতি ও কার্যক্রম তদন্তের জন্য।

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

মোঃ শামিউল ইসলাম প্রামানিক
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা